মেহেরপুরে অবৈধ যানবাহন তৈরির কারখানা বন্ধে ব্যবস্থা নিচ্ছে পুলিশ

মেহেরপুর জেলার অর্ধশতাধিক অবৈধ যানবাহন তৈরির কারখানা বন্ধে ব্যবস্থা নিচ্ছে পুলিশ। ১৫ দিনের আল্টিমেটাম শেষ হওয়ার পর অবৈধ যানবাহন তৈরি কারখানা চলমান রাখা মালিকদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে জানিয়েছে মেহেরপুরের পুলিশ সুপার এস এম মুরাদ আলী।

মেহেরপুরের পুলিশ সুপার এস এম মুরাদ আলী বলেন, উচ্চ আদালতের নির্দেশনা বাস্তবায়ন করতে সড়ক ও আঞ্চলিক মহাসড়ক থেকে অবৈধযান বন্ধে অভিযান শুরু হয়েছে। ট্রাফিক পুলিশ, থানা ও পুলিশ ক্যাম্প গুলোকে এ অভিযান অব্যাহত রাখার নির্দেশনা দেয়া হয়েছে।

ইতোমধ্যে জেলার বেশ কিছু তালিকা ভুক্ত অবৈধ যানবাহন তৈরির কারখানা বন্ধে মালিকদের ১৫ দিনের সময় দেয়া হয়েছিলো। সে সময় পার হয়েছে। জেলা প্রশাসনের সাথে আলোচনা সাপেক্ষ ভ্রাম্যমাণ আদালত চালিয়ে এসব অবৈধ যানবাহন তৈরি কারখানা বন্ধ করে দেয়া হবে। এরপাশাপাশি কারখানা মালিকদের বিরুদ্ধের ব্যবস্থা নেয়া হবে। অবৈধ যান বন্ধে সকল শ্রেণী পেশার মানুষের সহযোগিতা কামনা করেন।

স্থানীয়দের দাবি, জেলায় অর্ধশতাধিকেরও বেশি অবৈধ নসিমন-করিমন তৈরির কারখানা আছে। গত কয়েক যুগ ধরে এসব কারখানায় অবৈধ ফিনটেস বিহীন যানবাহন তৈরি করছিল মালিকরা। সড়ক মহাসড়কে এসব অবৈধ যানবাহন চলাচল বন্ধ করা গেলে দুর্ঘটনা অনেকাংশে কমে আসবে। অবৈধ যানবাহন তৈরি করে অনেকেই কোটি টাকার মালিক বনে গেছেন।

এদিকে নসিমন করিমন ও অবৈধ যানবাহন তৈরির কারখানা বন্ধের উদ্যোগ নেয়ায় জেলা পুলিশকে ধন্যবাদ জানিয়েছেন বাস, ট্রাক মালিক, ড্রাইভার পথচারী সহ বিভিন্ন মহল।

গাংনীতে স্কুল ছাত্রী রিমা খাতুনকে অপহরণের অভিযোগ

মেহেরপুরের গাংনীতে স্কুল থেকে দশম শ্রেনীর ছাত্রী রিমা খাতুনকে অপহরণ করা হয়েছে বলে অভিযোগ করেছে তার পরিবার।

রবিবার সকাল ১০ টায় স্কুলে আসার পর তাকে তুলে অপহরণ করা হয়। রিমা খাতুন বামুন্দী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের দশম শ্রেনীর ছাত্র ও নওদামটমুড়া গ্রামের বিল্লাল হোসেনের মেয়ে।

রিমার পিতা বিল্লার হোসেন জানান, প্রতিদিনের ন্যায় রিমা স্কুলে আসে। স্কুলে আসার পর বামুন্দী হঠাৎ পাড়ার জাহেদ আলীর ছেলে ও বামুন্দী বাজারের রাজু ট্রেডার্সের কর্মচারী নাজমুল তাকে অপহরণ করে নিয়ে যায়।

বামুন্দী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের অফিস সহকারী সাইফুল ইসলাম মারফত এ ঘটনা জানতে পারি। তিনি আরো বলেন, নাজমুল ১ সন্তানে জনক সে রিমাকে বেশকিছুদিন যাবৎ উত্যাক্ত করে আসছিলো। এ বিষয়টি স্কুলে ও রাজু ট্রের্ডাসের মালিককে জানানো হলেও তারা কোন ব্যবস্থা না নেওয়ার কারনে রিমাকে অপহরণ করা হয়েছে।

রাজু ট্রের্ডাসের মালিক জানান, নাজমুলকে রিমার বিষয়ে সতর্ক করার পাশাপাশি বকাঝকা করা হয়েছে। একারনে সে গত ৪ দিন যাবৎ দোকানে আসেনি।

বামুন্দী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের অফিস সহকারী সাইফুল ইসলাম জানান, স্কুল চলাকালীর সময়ে নাজমুলের সাথে মোবাইল ফোনে তার কথা হয়েছে কথাবার্তায় ধারনা করা হচ্ছে নাজমুল রিমাকে নিয়ে গেছে।

বামুন্দী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুর রহিম জানান, রিমাকে স্কুল থেকে অপহরণ করা হয়নী। স্কুলে আসার পথে তাকে প্রেম ঘটিত বিষয়ে নিয়ে যাওয়া হতে পারে।

গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান, এ বিষয়ে খবর পাওয়ার পর পুলিশ রিমাকে উদ্ধারের চেষ্টা করছে। অপহরণ নাকি প্রেম ঘটিত বিষয় এটা এখনই নিশ্চিত করে বলা সম্ভব হচ্ছেনা। তবে রিমার পরিবার এখনও লিখিত অভিযোগ করেনি।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান জানান, এ ঘটনা জানার পরপরই র্যাব ও পুলিশকে ব্যবস্থা নিতে বলা হয়েছে। এছাড়া রিমাকে উদ্ধার ও তার পরিবারের সাথে যোগাযোগ করা হচ্ছে।

গাংনীতে পরিস্কার পরিচ্ছন্ন অভিযান শুরু

মুজিববর্ষ উপলক্ষে পরিচ্ছন্ন গ্রাম পরিচ্ছন্ন শহর কর্মসূচী বাস্তবায়নের লক্ষে মেহেরপুরের গাংনীতে পরিস্কার পরিচ্ছন্ন অভিযান শুরু হয়েছে।

রবিবার সকাল ১০ টায় উপজেলা পরিষদ চত্তরে পরিস্কার পরিচ্ছন্নতার উদ্বোধন করেন গাংনী উপজেলা চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক ও পৌর মেয়র আশরাফুল ইসলাম।

পরিস্কার পরিচ্ছন্ন কাজে অংশ নেন সহকারী কমিশনার ভুমি মো: ইয়ানুর রহমান, ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, মুক্তিযোদ্ধা সোহরাব হোসেন, জেলা সেচ্ছাসেবক লীগের যুগ্ন আহবায়ক আরিফুল ইসলাম সোবহান ও গাংনী উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি তৌহিদ হোসেন সহ বিভিন্ন শ্রেনী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

এছাড়াও উপজেলা প্রশাসনের উদ্যোগে গোটা উপজেলায় পরিস্কার পরিচ্ছন্তার কার্যক্রম চলছে।

গাংনীতে বেশি দরে মাস্ক বিক্রি

দোকানীর জরিমানা

করোনা ভাইরাস আতংকে বেশি দামে মাস্ক বিক্রির অপরাধে মেহেরপুরের গাংনী বাজারের মেডিসিন গ্যালারী মালিক হাবিবুর রহমানের কাছ থেকে দুই হাজার টাকা জরিমানা আদায় করেছে ভ্রাম্যমাণ আদালত। বেশি দরে মাস্ক বিক্রি করায় আজ বুধবার দুপুরে গাংনী উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট দিলারা রাহমান এ জরিমানা আদায় করেন।

ভ্রাম্যমাণ আদালত সুত্রে জানা যায়, ১০ টাকা মূল্যের মাস্ক ৫০ টাকা ও তার উপরে বিক্রি করছে এমন অভিযোগ পেয়ে সেখানে অভিযান চালানো হয়। অভিযানে সতত্যা পাওয়া গেলে ভোক্তা অধিকার আইনে হাবিবুর রহমানের কাছ থেকে দুই হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে। কেউ যদি বেশি দামে মাস্ক বিক্রি করে তাহলে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

অন্যদিকে গাংনী উপজেলা স্বাস্থ্য পঃপঃ কর্মকর্তা ডা. রিয়াজুল আলম বলেছেন সকলকে মাস্ক ব্যাবহারের কোন প্রয়োজন নেই। আক্রান্ত ব্যাক্তি সনাক্ত হলে তার জন্য মাস্ক ব্যাবহার প্রয়োজন। হুজুগে পড়ে মানুষ মাস্কের দিকে ঝুঁকে পড়ছেন।

গাংনীর ইউএনও’র দেয়া সহায়তায় ঠাই বাঁধবেন কৃষক জাফর আলী

গাংনীর রাধাগোন্দিপুর ধলা গ্রামের দিন মজুর জাফর আলীর বসত বাড়িসহ আসবাপত্র পুড়ে ছাই হয়েছে অগ্নীকান্ডে। গতকাল মঙ্গলবার সকালে বৈদ্যতিক শর্ট সার্কিটের কারনে ভয়াবহ অগ্নীকান্ডে তার বসত বাড়িতে আগুন লাগে।

প্রতিবেশীরা আগুন নেভাতে চেষ্টা করলেও জাফর আলীর একমাত্র বসতবাড়িসহ আসবাপত্র পড়িয়ে ছাই করে ফেলে রাক্ষুসে আগুন। বিষয়টি কাথুলী ইউপি চেয়ারম্যানের মাধ্যমে গাংনী উপজেলা নির্বাহী অফিসার

দিলারা রহমান অবগত হন।

তাৎক্ষনিক ভাবে ঠাঁইহীন জাফর আলীকে দুর্যোগ ব্যাবস্থাপনা ও ত্রাণ সহায়তা থেকে ২ বান্ডিল ঢেউ টিন ও নগদ ৬ হাজার টাকা প্রদান করেন উপজেলা নির্বাহী অফিসার।

গতকাল মঙ্গলবার দুপুরে গাংনী উপজেলা পরিষদ চত্বরে টিন প্রদানের সময় কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা, প্রকল্প বাস্তবায়ন অফিসের সহকারি প্রকৌশলী জাকির হোসেন, এসময় উপস্থিত ছিলেন।

অগ্নীকান্ডে ঘর পুড়ার সাথে সাথে আর্থিক ও টিন সহায়তা পেয়ে মাথা গোজার ঠাই বাধবেন কৃষক জাফর আলী। দুর্যোগ ব্যাবস্থাপনা মন্ত্রনালয়ের তাৎক্ষনিক সহায়তা তাকে চির কৃতজ্ঞ করে রাখবে বলে জানান তিনি।

ক্ষতিগ্রস্থ জাফর আলী বলেন, পরিবার পরিজন নিয়ে আমাকে গাছ তলায় মানবেতর জীবনযাপন করতে হতো। তাৎক্ষনাৎ সহায়তায় তিনি মাথা গোজার ঠাঁই বাধবেন।

মেপ্র/আরপি

গাংনীতে সমবায়ীদের মাসিক যৌথসভা ও ই-প্রশিক্ষণ অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি প্রকল্প (সিভিডিপি) এর ৩য় পর্যায়ে সমবায়ীদের অংশগ্রহণে মাসিক যৌথসভা ও ই-প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার গাংনী উপজেলা সমবায় অফিসের আয়োজনে গাংনী উপজেলা পরিষদ মিলনায়তনে (হলরুমে) এই প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

প্রশিক্ষণে গাংনী উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্টুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াছমিন।

প্রশিক্ষক হিসেবে বক্তব্য রাখেন উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জনাব শাহ আলম।

এছাড়া বক্তব্য রাখেন সমবায়ীদের মধ্যে রাকিবুল ইসলাম টুটুল, হুমায়ুন কবির রিপন, শহিদুল ইসলাম নাসির, কিরণ হোসেন, মনজিরুল ইসলাম স্বপন, হাবিবুর রহমান, লিপি সরকার প্রমুখ। প্রশিক্ষণে সহযোগিতা করেন সহকারী পরিদর্শক রুহুল কুদ্দুস, হাফিজুর রহমান ও মেহেদী হাসান।

গাংনী উপজেলার ২০টি সার্বিকগ্রাম সমবায় সমিতির ১২০জন সদস্য’র অংশগ্রহনে এই প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

মেপ্র/আরপি

গাংনীতে জাতীয় দূর্যোগ প্রস্তুতি দিবস পালিত

‘দূর্যোগ ঝুকি হ্রাস পূর্ব প্রস্তুুতি টেকসই উন্নয়নে আনবে গতি’ এ প্রতিপাদ্য মেহেরপুরের গাংনীতে জাতীয় দূর্যোগ প্রস্তুতি দিবস পালিত হয়েছে।

দিবসটি উপলক্ষে মঙ্গলবার সকাল ১০ টায় র্যালি আলোচনা সভা,চিত্রাংকন প্রতিযোগিতা ও দূর্যোগ প্রস্তুুতি মহড়ার আয়োজন করে গাংনী উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি।

গাংনী উপজেলা পরিষদ চত্তর থেকে একটি র্যালি বের হয়ে গাংনী ফুটবল মাঠে গিয়ে শেষ হয়। পরে ভারপ্রাপ্ত ষ্টেশন কর্মকর্তা ইছাহাক আলী বিশ্বাস ও লিডার মহিউদ্দীন আহমেদের নেতৃত্বে গাংনী ফায়ার সার্ভিস

কর্মীরা মনোমুগ্ধকর মহড়া প্রদর্শন করেন।

সহকারী কমিশনার ভুমি মো: ইয়ানুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথী হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক।

এসময় উপ সহকারী প্রকৌশলী মো: জাকির হোসেন,ফুলকুড়ি অধ্যক্ষ সিরাজুল ইসলাম,বামুন্দী ইউপি চেয়ারম্যান মো: শহিদুল ইসলাম,গাংনী সরকারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুজ্জামান লালু, প্রকল্প বাস্তবায়ন অফিসের রেজা আহমেদ,শাহিন আহমেদ সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

মেপ্র/ইএম

গাংনী উপজেলা ও পৌর যুবদলের আহবায়ক কমিটি গঠন

মেহেরপুরের গাংনী উপজেলা ও পৌর যুবদলের আহবায়ক কমিটি গঠন করা হয়েছে। গত বুধবার মেহেরপুর জেলা যুবদলের সভাপতি জাহিদুল ইসলাম জাহিদ ও সাধারণ সম্পাদক কাউছার আলী এ কমিটির অনুমোদন দেন।

বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদল গাংনী উপজেলা আহবায়ক করা হয়েছে সাবেক ছাত্র নেতা মো: মালেক হোসেন চপল বিশ্বাস ও গাংনী সরকারী ডিগ্রী কলেজ ছাত্রদলের সাবেক সভাপতি জাহিদুল ইসলাম জাহিদ কে সদস্য সচিব করে ৩১ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।

অপরদিকে গাংনী পৌর যুবদলের আহবায়ক করা হয়েছে পৌরসভার প্যানেল মেয়র ও ৮ নং ওয়ার্ড কাউন্সিলর সাহিদুল ইসলামকে ও ৯ নং ওয়ার্ড কাউন্সিলর এনামুল হককে সদস্য সচিব করে ২০ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।

বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের গাংনী উপজেলা আহবায়ক করা হয়েছে সাবেক ছাত্র নেতা মো: মালেক হোসেন চপল বিশ্বাস সকলের সহযোগীতা কামনা করেন।

এদিকে সদ্য গঠিত এ কমিটিকে অভিনন্দন জানিয়েছেন, মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য ও মেহেরপুর জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন, সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন, যুগ্ম সাধারণ সম্পাদক ও বামন্দী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আব্দুল আওয়াল,

সাংগঠনিক সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান জুলফিকার আলী ভুট্টো, গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক, সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, ধানখোলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আখেরুজ্জামান, ষোলটাকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মনিরুজ্জামান মনি, রাইপুর ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আলফাজ উদ্দীন সহ বিএনপির বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।

এছাড়াও মেহেরপুর সদর উপজেলা ও মুজিবনগর উপজেলা যুবদলেরও আহবায়ক কমিটি অনুমোদন দেওয়া হয়েছে।

মেপ্র/আরপি

ঐতিহাসিক ৭ মার্চে কোন কর্মসূচীই ছিলনা গাংনী উপজেলা আওয়ামী লীগের

ঐতিহাসিক ৭ মার্চ। দিনটি উপলক্ষে জাতীয় ভাবে কর্মসূচী থাকলেও কোন কর্মসূচীই ছিলনা গাংনী উপজেলা আওয়ামী লীগের। শুধু মাইকে জাতির জনকের ভাষণ বাঁজিয়েই দিন পার করেছে উপজেলা আওয়ামী লীগ।

কোন কর্মসূচী পালন না করায় সাধারণ নেতা কর্মীদের মধ্যে ক্ষোভ বিরাজ করছে।

গাংনী উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মনি মাষ্টার জানান, ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষে মাইকে ভাষণ প্রচার ছাড়া তেমন কোন কর্মসূচী ছিলনা গাংনী উপজেলা আওয়ামী লীগের। গাংনী বাজার ও হাসপাতাল বাজারে মাইকে ভাষণ করা হয়েছে।

এ বিষয়ে কথা বলতে গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফার ব্যবহৃত মোবাইল ফোনে কল দিলে তিনি রিসিভ করেনি।

গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন দেশের বাইরে থাকায় তার বক্তব্য নেয়া সম্ভব হয়নি।

এদিকে মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম.এ খালেক বলেন, বেশ কয়েক বছর জাতীয় কোন কর্মসূচীই পালন করেনা গাংনী উপজেলা আওয়ামীলীগ। আমি বিভিন্ন সময়ে আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের ব্যানারে জাতীয় ও ঐতিহাসিক দিবসগুলো পালন করে থাকি।

এছাড়া দেশজুড়ে যখন জাতির জনকের ঐতিহাসিক দিনটি পালিত হচ্ছে ঠিক সে সময় গাংনী উপজেলা আওয়ামী লীগের কোন কর্মসূচী না থাকাটা দু:খ জনক।

মেপ্র/আরপি

গাংনীতে নাচ গানে রোগ নিরাময়ের চেষ্টা

ইজার উদ্দীন বয়স ৬২ পায়ে অজ্ঞাত রোগ হয়েছে তার পায়ে। বিভিন্ন ডাক্তার দেখিয়েও কোন প্রতিকার না পেয়ে অবশেষে কবিরাজের সরনাপন্ন হয়েছেন তিনি। বাজনার তালে তালে নেচে গেয়ে রোগ নিরাময়ের চেষ্টা করছেন ৭ সদস্য’র একটি কবিরাজী দল। চিকিৎসা আর নাচগান দেখতে ভিড় করছে এলাকাবাসি।

গতকাল শনিবার দিনভর মেহেরপুর জেলার গাংনী উপজেলার বামুন্দী কলেজ পাড়ায় এলাকা নাচ আর গানের মাধ্যমে রোগের চিকিৎসা করছেন কবিরাজ জহুরুল ইসলামের নেতৃত্বে ৭জন কবিরাজ। মা মানসার তন্ত্র মন্ত্র দিয়ে রোগ নিরাময় করছেন বলে দাবি তাদের।

নেচে গেয়ে মা মানসার সাধনা করার পর রুগীর রোগ নিরাময়ের চেষ্টা চলে দিনভর। আজব চিকিৎসা, অদ্ভুত তার রোগ নির্ণয় পদ্ধতি। তথ্যপ্রযুক্তির এই যুগেও নাচ আর গানের তালে তালে চিকিৎসা দেখতে উৎসুক জনতা ভিড় জমায়।

জহুরুল ইসলামের কবিরাজের দাবি, মা মানসার নামের তারা চিকিৎসা করে রুগীর রোগ নিরাময় করেন। কবিরাজের দাবি করেন, তার চিকিৎসায় অনেক রোগী সুস্থ হয়েছেন। বংশ পরম্পর তিনি এ পেশার সাথে জড়িত।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স্রের ভারপ্রাপ্ত আবাসিক মেডিকেল অফিসার ফেরদৌস পারভেজ জানান, এ চিকিৎসার কোনো ভিত্তি নেই।

মেপ্র/আরপি